বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ

টেলিফোন:৯৫৭৮৩৯৮৭
:৭১২৩৬৮৩
ফ্যাক্স :৭১২৩৬৮৩
E.mail :dgmtreasury@krishibank.org.bd

হিসাব(টিএমডি.) পরিপত্র নং:১০ /২০১৫ তারিখঃ ০৬/১২/২০১৫

উপ-মহাব্যবস্থাপক
ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ/আন্তর্জাতিক বানিজ্য বিভাগ
কেন্দ্রীয় হিসাব বিভাগ -১/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও শাখা নিয়ন্ত্রন বিভাগ।
বাংলাদেশ কৃষি ব্যাংক

উপ-মহাব্যবস্থাপক (পরিচালন)
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা

উপ-মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
কাওরানবাজার, আগ্রাবাদ, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, সিলেট, বনানী, খুলনা কর্পোরেট শাখা।
ও
ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
ষোলশহর, টিবোর্ড, চালপট্টি, চকবাজার, কুষ্টিয়া, শার্শা, হালুয়াঘাট ও নালিতাবাড়ী শাখা।
এবং
অন্যান্য সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : বিবি-এডি ফোরামের ৮ম সভায় গৃহীত সিদ্ধান্ত পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ,বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা এর পত্র নং:এফইপিডি(এফইএমপি)/৩৪/২০১৫-৯৯৮১ তারিখ:১৯.১১.২০১৫ এবং তৎসংগে সংযুক্ত Bangladesh Bank-Authorized Dealer's Forum এর ৮ম সভার রেকর্ড নোটস্ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো। (কপি সংযুক্ত)

০২। বর্নিত রেকর্ড নোটস্ এ ব্যাংকের সম্মানিত গ্রাহকদেরকে দ্রুত,দক্ষ ও কার্যকর ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য আপনাদিগকে পরামর্শ দেয়া হলো।

(ক)রেকর্ড নোটস্ এর ১০ নং ক্রমিকে বর্নিত সিদ্ধান্ত অনুযায়ী দৈনিক এক্সচেঞ্জ পজিশন বিবরনী সংশ্লিষ্ট দিনের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বাংলাদেশ ব্যাংকে প্রেরন করতে হবে।এলক্ষ্যে অত্র ব্যাংকের অটোমেশন প্রক্রিয়ায় এক্সচেঞ্জ পজিশন প্রস্তুত করা আবশ্যক।অটোমেশন প্রক্রিয়ায় এক্সচেঞ্জ পজিশন প্রস্তুত করার জন্য আন্তর্জাতিক বানিজ্য বিভাগ,ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ,কেন্দ্রীয় হিসাব-১ এবং সকল এডি শাখার সংশ্লিষ্টতা রয়েছে।যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ৩১.০৩.২০১৬ তারিখের মধ্যে অটোমেশন প্রক্রিয়া সম্পন্ন করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি অপারেশন বিভাগকে পরামর্শ প্রদান করা হলো। ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ থেকে এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবে।

(খ)বিদেশ হতে গৃহীত ইনওয়ার্ড রেমিট্যান্স দ্রুত ও সহজে ছাড়করনের বিষয়টি ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ,আন্তর্জাতিক বানিজ্য বিভাগ,ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ এবং মাঠ পর্যায়ে সকল শাখা সংশ্লিষ্ট। উন্নত গ্রাহক সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের আয় ও সুনাম বৃদ্ধির স্বার্থে সংশ্লিষ্ট সকল বিভাগ সহ সকল শাখাকে এবিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহন করবে।

(গ)সাম্প্রতিক সময়ে আন্ত:ব্যাংক মুদ্রা বাজারে নগদ বৈদেশিক মুদ্রার পরিমান হ্রাস পাওয়ায় পরিস্থিতির উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী এক সফরে যাত্রীপিছু নোটে ৫০০০(পাঁচ হাজার) মার্কিন ডলারের বেশী ইস্যু না করা এবং কোন অবস্থাতেই প্রাপ্যতার অতিরিক্ত নগদ মার্কিন ডলার ইস্যু না করার জন্য সকল এডি শাখাকে পরামর্শ দেয়া হলো।

(ঘ)রপ্তানী বিল নেগোসিয়েশনের ক্ষেত্রে প্রযোজ্য বিনিময় হার এবং প্রধান কার্যালয় থেকে জারীকৃত সর্বশেষ Schedule of Charges for Foreign Exchange Transactions এর বাইরে অতিরিক্ত কোন অর্থ গ্রাহকের নিকট থেকে আদায় করা যাবে না।

(ঙ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী এখন থেকে সাইট এলসির ন্যায় ইউস্যান্স এলসির তথ্যও অনলাইনে যথাযথভাবে সকল এডি শাখা আপলোড করবে।

(চ)এছাড়া বিবি এডি ফোরামের ৮ম সভায় গৃহীত অপরাপর সিদ্ধান্তসমূহ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

**বিষয়টি জরুরী ও গুরুত্বপুর্ণ।**

সংযুক্তি:৪(চার)

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

(পীযূষ চন্দ্র ভাওয়াল)
মহা ব্যবস্থাপক
টিএমডি/প্রশা-৪(৫২)/২০১৫-১৬/ ৪২৫

তারিখ: ০৬.১২.২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো:

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয় বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১ ও ২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর ,বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪ ।অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/ সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।(পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।)
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কমকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি

(মো: ছগীর আহম্মদ)
<u>সহকারী-মহাব্যবস্থাপক</u>

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(বৈদেশিক মুদ্রা বাজার নীতি শাখা)

সূত্র ঃ এফইপিডি(এফইএমপি)/৩৪/২০১৫- ৯৭৪/ তারিখঃ ১৯ নভেম্বর, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ বিভাগীয় প্রধান, আন্তর্জাতিক বিভাগ/ ট্রেজারী ব্যাক অফিস (সদস্য, বিবি-এডি ফোরাম)।

প্রিয় মহোদয়,

**বিবি-এডি ফোরামের ৮ম সভায় গৃহীত সিদ্ধান্ত পরিপালন প্রসংগে।**

অত্র বিভাগের ১৫/১১/২০১৫ তারিখের পত্র নম্বর-এফইপিডি (এফইএমপি)/৩৪/২০১৫-৯৭৮৫ এবং তৎসংযুক্ত বাংলাদেশ ব্যাংক অনুমোদিত ডিলারস্ ফোরামের ৮ম সভার রেকর্ড নোটস্ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সভার রেকর্ড নোটস্ অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিতকল্পে অভ্যন্তরীণ সার্কুলার জারী করে তা ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/অনুমোদিত ডিলার শাখা সমূহকে প্রেরণ পূর্বক আগামী ৩০/১১/২০১৫ তারিখের মধ্যে অত্র বিভাগকে (সার্কুলারের কপি সহ) অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। উক্ত সভার রেকর্ড নোটস্ এর ০২ নম্বর ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী আপনাদের ব্যাংকের আন্তর্জাতিক বিভাগ/ট্রেড ডিপার্টমেন্ট ও ট্রেজারী বিভাগের দাপ্তরিক ই-মেইল ঠিকানা প্রেরণের পরামর্শ দেয়া যাচ্ছে।

০৪। উক্ত সভার রেকর্ড নোটস্ এর ১০ নম্বর ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী দৈনিক এক্সচেঞ্জ পজিশন বিবরণী সংশ্লিষ্ট দিনের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতের লক্ষ্যে আপনাদের ব্যাংকের অটোমেশন প্রক্রিয়ায় এক্সচেঞ্জ পজিশন বিবরণী কবে নাগাদ অন্তর্ভুক্ত করা সম্ভব হবে সে বিষয়টি পরীক্ষাপূর্বক আগামী ৩০-১১-২০১৫ তারিখের মধ্যে ব্যাংকের আইটি বিভাগ ও ট্রেজারী বিভাগের প্রধানের যৌথ স্বাক্ষরে অত্র বিভাগকে অবহিত করার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ মিজানুর রহমান)
উপ পরিচালক
ফোনঃ ৯৫৩০০১০-৭৫/২৫৮৫
ই-মেইলঃ fepd.femp2@bb.org.bd;
mizanur.rahman330@bb.org.bd

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(বৈদেশিক মুদ্রা বাজার নীতি শাখা)

সূত্র ঃ এফইপিডি(এফইএমপি)/৩৪/২০১৫- ৭৭৮৫

তারিখঃ ১৫ নভেম্বর, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংকে
প্রধান কার্যালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ বিভাগীয় প্রধান, আন্তর্জাতিক বিভাগ/ ট্রেজারী ব্যাক অফিস (সদস্য, বিবি-এডি ফোরাম)।

প্রিয় মহোদয়,

বিবি-এডি ফোরামের ৮ম সভায় গৃহীত সিদ্ধান্ত পরিপালন প্রসংগে।

বিগত ২৭/১০/২০১৫ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলাস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত বাংলাদেশ ব্যাংক অনুমোদিত ডিলারস্ ফোরামের ৮ম সভার রেকর্ড নোটস্ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সভার রেকর্ড নোটস্ অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিতকল্পে অভ্যন্তরীণ সার্কুলার জারী করে তা ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/অনুমোদিত ডিলার শাখা সমূহকে প্রেরণ পূর্বক আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ মেজবাহ উদ্দিন)
যুগ্ম পরিচালক
ফোনঃ ৯৫৩০২৯৮
ই-মেইলঃ fepd.femp2@bb.org.bd
mizanur.rahman330@bb.org.bd

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

**'Bangladesh Bank-Authorized Dealers' Forum এর ৮ম সভার রেকর্ড নোটস্ ।**

বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলার্স ফোরামের ৮ম সভা ২৭/১০/২০১৫ তারিখ সকাল ১১:০০ টায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ আহসান উল্লাহ এর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় অবস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য বাংলাদেশ ব্যাংক এবং বাফেদা ও বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিদের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ তে দেখানো হলো। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় দ্রুত, দক্ষ ও কার্যকর সেবা প্রদানের লক্ষ্যে সেবাধর্মী মনোভাব নিয়ে কাজ করার জন্য এবং ব্যাংকের গ্রাহকগণ যাতে অহেতুক হয়রানির শিকার না হন সে বিষয়টি নিশ্চিত করার জন্য উপস্থিত ব্যাংক কর্মকর্তাদেরকে পরামর্শ দেন।

পরবর্তীতে সভাপতি মহোদয় সভার কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচীর বিষয়সমূহ উপস্থাপনের জন্য ফোরামের সদস্য সচিব বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের যুগ্ম পরিচালক জনাব মোঃ মেজবাহ উদ্দিনকে আহ্বান জানান । জনাব মেজবাহ আলোচ্যসূচীতে উল্লিখিত বিষয়বস্তুর উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। অতঃপর বিগত সভার (৭ম) গৃহীত সিদ্ধান্তগুলোর বাস্তবায়ন/অগ্রগতি পর্যালোচনা করা হয়। পরবর্তীতে বিভিন্ন বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

০১। বিদেশ হতে গৃহীত ইনওয়ার্ড রেমিট্যান্স দ্রুত ও সহজে ছাড়করণে ব্যাংকগুলো ব্যবস্থা গ্রহণ করবে এবং যথাযথ গ্রাহক সেবা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ/এডি শাখাগুলোকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবে ।

০২। বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ ও ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট কর্তৃক ভবিষ্যতে জারীতব্য সকল সার্কুলার/সার্কুলার লেটার বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি প্রতিটি এডি ব্যাংকের আন্তর্জাতিক বিভাগ/ট্রেড ডিপার্টমেন্ট ও ট্রেজারী বিভাগে ই-মেইল মারফত জানিয়ে দেওয়া হবে। পরবর্তীতে ব্যাংকগুলো তাদের স্ব স্ব বিভাগ/এডি শাখায় অভ্যন্তরীণ সার্কুলারের মাধ্যমে সার্কুলার/সার্কুলার পত্রসমূহ প্রেরণের ব্যবস্থা নিশ্চিত করবে। এ লক্ষ্যে, ব্যাংকগুলো তাদের স্ব স্ব ব্যাংকের আন্তর্জাতিক বিভাগ/ট্রেড ডিপার্টমেন্ট ও ট্রেজারী বিভাগের দাপ্তরিক ইমেইল ঠিকানা বৈদেশিক মুদ্রা নীতি বিভাগে প্রেরণ করবে (অত্র বিভাগে প্রেরিতব্য এ রেকর্ড নোটস্ এর পরিপালন পত্রের সাথে) ।

০৩। বৈদেশিক মুদ্রা বিধি-বিধান উদারীকরণ এবং হজ্ব উপলক্ষ্যে উদ্ভূত বর্ধিত চাহিদার কারণে বাজারে নগদ বৈদেশিক মুদ্রার পরিমাণ কিছুটা হ্রাস পেয়েছে মর্মে পরিলক্ষিত হওয়ায় নগদ বৈদেশিক মুদ্রা নোটের সরবরাহ বাড়ানোর লক্ষ্যে এডি ব্যাংকগুলো কর্তৃক নিম্নরূপ ব্যবস্থাদি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- হাজীদেরকে শুধুমাত্র সরকারি সিদ্ধান্ত মোতাবেক এতদ্বিষয়ক সার্কুলার লেটারে উল্লিখিত বৈদেশিক মুদ্রা ইস্যু করা । উল্লেখ্য, শুধু হজ্ব পালনার্থে সৌদি আরব সফরে বার্ষিক ব্যক্তিগত ভ্রমণ কোটার বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যুর সুযোগ নেই ।
- কার্ডে বা নগদে এফসি ইস্যুর সময় পাসপোর্টে এন্ডোর্সমেন্ট নিশ্চিতকরণের মাধ্যমে প্রাপ্যতার অতিরিক্ত ইস্যু রহিতকরণ;
- কার্ডে বা নগদে এফসি ইস্যুর সময় চলতি বৎসরে এ পর্যন্ত কত এফসি ইস্যু/এন্ডোর্সমেন্ট করা হয়েছে তা পরীক্ষাকরণ;
- একাধিক প্রাপ্যতার বিপরীতে হলেও এক সফরে যাত্রীপিছু নগদ মার্কিন ডলার নোটে ৫০০০(পাঁচ হাজার) এর বেশী ইস্যু না করা;
- গ্রাহক, গ্রাহক নয় এমন সকলের নিকট হতে নগদ বৈদেশিক মুদ্রা ক্রয় সহজীকরণ;
- নগদ বৈদেশিক মুদ্রা ক্রয়ে কোনরূপ চার্জ আদায় না করা এবং আন্তর্জাতিক কার্ড ব্যবহার উৎসাহিত করা।

০৪। রপ্তানি বিল নেগোসিয়েশনে প্রযোজ্য বিনিময় হার নির্ধারণ করার সময় এডি ব্যাংকগুলো তাদের সকল ব্যয় ও ঝুঁকি বিবেচনা করে থাকে যা তাদের বিনিময় হারে প্রতিফলিত হয় বিধায় রপ্তানি বিল নেগোসিয়েশনে বিনিময় হার পরিবর্তনজনিত ঝুঁকি সংশ্লিষ্ট ব্যাংক বহন করবে; কোনভাবে গ্রাহকের উপর অর্পণ করা যাবেনা।

০৫। চলতি ২০১৫ সালের পর স্থানীয় মুদ্রায় ফ্রেইট পরিশোধের সুযোগ থাকছে না বিধায় ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক এফওবি ভিত্তিক রপ্তানি পণ্যের ভাড়া স্ব স্ব এফসি হিসাবের স্থিতি হতে এফসি'তে প্রদান করার লক্ষ্যে ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক বৈদেশিক মুদ্রায় হিসাব স্থাপনে এডি ব্যাংকগুলো প্রয়োজনীয় সহায়তা ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। ব্যাংকসমূহ সাইট এলসি'র ন্যায় ইউস্যান্স এলসি'র তথ্যও (এলসি স্থাপন, আইএমপি রিপোর্টিং, বিল অব এন্ট্রি রিপোর্টিং ইত্যাদি) অনলাইনে যথাযথভাবে আপলোড নিশ্চিত করবে।

০৭। এক ব্যাংক কর্তৃক অন্য ব্যাংকের আমদানি দায় পরিশোধের নিশ্চয়তা হিসেবে কিছু কিছু ব্যাংক কর্তৃক ঢালাওভাবে Irrevocable Reimbursement Undertaking (IRU) ইস্যু করা হচ্ছে মর্মে পরিলক্ষিত হওয়ায় IRU ইস্যুর ঝুঁকি বিবেচনায় ইস্যুকারী ব্যাংক এ ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যবস্থাদি অনুসরণ করবে ঃ

- IRU ইস্যুর জন্য প্রতিসঙ্গী ব্যাংকের counterparty limit অনুসরণ করতে হবে । প্রতিসঙ্গী ব্যাংকের counterparty limit ব্যাংকের ALM ও Foreign Exchange Risk Management Guideline অনুযায়ী নির্ধারণ করতে হবে । ব্যাংক ভিত্তিক counterparty limit ও সর্বোচ্চ IRU limit ব্যাংকের ALCO কর্তৃক অনুমোদিত হতে হবে।
- IRU ইস্যু একধরনের contingent liability সৃষ্টি করে বিধায় এটি দৈনিক এক্সচেঞ্জ পজিশন বিবরণী এবং প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশনসহ বিভিন্ন বিভাগের রিপোর্টিং এ contingent liability'র অধীনে আবশ্যিকভাবে রিপোর্ট করতে হবে ।

০৮। কিছু কিছু ব্যাংক প্রচ্ছন্ন রপ্তানি তথা মাষ্টার ঋণপত্রের বিপরীতে স্থাপিত অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের দায় বিধি বহির্ভূতভাবে স্থানীয় মুদ্রায় নিষ্পত্তিপূর্বক পিআরসি ইস্যু করছে মর্মে পরিলক্ষিত হওয়ায় নগদ সহায়তা ও শুল্ক-প্রত্যার্পণ সুবিধাদি প্রাপ্তির জন্য মাষ্টার ঋণপত্রের বিপরীতে স্থাপিত ব্যাক টু ব্যাক ঋণপত্রের দায় সংশ্লিষ্ট রপ্তানি আয় হতে বৈদেশিক মুদ্রায় নিষ্পত্তির জন্য এডি ব্যাংকগুলো ব্যবস্থা গ্রহণ করবে।

০৯। রপ্তানি ডকুমেন্ট এডি ব্যাংকে দাখিলের পর স্বীকৃতি প্রদানে অহেতুক বিলম্ব এডি ব্যাংগুলো পরিহার করবে। পাশাপাশি, আমদানি দায় যথাসময়ে পরিশোধ নিশ্চিতকল্পে এডি ব্যাংকগুলো দায়িত্বশীল ভূমিকা পালন করবে। এসব ক্ষেত্রে কোন অনিয়ম ভবিষ্যতে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনে লক্ষ্য করা গেলে তা কঠোর মনোভাবের সাথে দেখা হবে।

১০। এডি ব্যাংকের অটোমেশন প্রক্রিয়ায় এক্সচেঞ্জ পজিশন বিবরণী স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। এক্সচেঞ্জ পজিশন বিবরণী সংশ্লিষ্ট দিনের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতের বিষয়টি বাস্তবায়ন করে নাগাদ সম্পন্ন করা সম্ভব হবে সে বিষয়টি পরীক্ষাপূর্বক আগামী ৩০-১১-২০১৫ তারিখের মধ্যে ব্যাংকের আইটি বিভাগ ও ট্রেজারী বিভাগের প্রধানের যৌথ স্বাক্ষরে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগকে অবহিত করতে হবে ।